# ‘‘দরিদ্র মা’র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি’’

## ভূমিকা/পটভুমিঃ

পল্লী অঞ্চলের দরিদ্র গর্ভবতী মায়েদের অসহায়ত্বের কথা বিবেচনা করে তাদের দুঃখ দুর্দশা লাঘব করার জন্য ২০০৭-০৮অর্থ বছর হতে দরিদ্র মা’র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি গ্রহন করা হয়েছে। কার্যক্রমটি চলমান। একার্যক্রমের আওতায় দরিদ্র গর্ভবতী মায়েদের ভাতা প্রদানের পাশাপাশি স্বাস্থ্য- পুষ্টি এবং অন্যান্য বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক এ কার্যক্রমটি বাস্তবায়িত হয়ে আসছে।

## কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্যঃ

১. SDG ঘোষিত লক্ষ্য অনুযায়ী মা ও শিশু মৃত্যুহার হ্রাস ও মানব সম্পদ উন্নয়ন।
২. মাতৃদুগ্ধ পানের হার বৃদ্ধি।
৩. গর্ভাবস্থায় পুষ্টি উপাদান গ্রহণ উৎসাহিতকরণ।
৪. প্রসব ও প্রসবোত্তর সেবার গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণ।
৫. ইপিআই ও পরিবার পরিকল্পনা গ্রহণের হার বৃদ্ধি।
৬. যৌতুক, তালাক ও বাল্যবিবাহ প্রবণতা রোধ।
৭. জন্ম নিবন্ধন উৎসাহিতকরণ।
৮. বিবাহ নিবন্ধন উদ্বুদ্ধকরণ।

## প্রশিক্ষণঃ

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মা’র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচীর আওতায় সমগ্র বাংলাদেশের ইউনিয়ন সমূহে ২০১৬-১৭ অর্থ বছরে ৫,০০,০০০ জন ভাতাভোগীকে মাসিক ৫০০/-(পাচশত) টাকা হারে ২(দুই) বছর ভাতা প্রদান করা হয়। সেই সাথে জীবন যাত্রার মান উন্নয়নার্থে কতিপয় গুরুত্বপূর্ণ বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। কর্মসূচির প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে স্বেচ্ছাসেবী মহিলা সমিতি (সিবিও)/ এনজিও নির্বাচন করা হয়।

## অর্জন :

| আর্থিক বছর | জেলার সংখ্যা | উপজেলার সংখ্যা | ইউনিয়নের সংখ্যা | ভাতাভোগীর সংখ্যা | বরাদ্দকৃত ভাতার পরিমাণ | মাসিক ভাতার পরিমাণ | ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২০০৭-২০০৮ | ৬২টি | ৩৩৫টি | ৩০০০ টি | ৪৫০০০ জন | ১৬,২০,০০,০০০.০০(ষোল কোটি বিশ লক্ষ) টাকা | ৩০০.০০ | ১৬,২০,০০,০০০.০০ |
| ২০০৮-২০০৯ | ৬৪টি | ৪৩৭টি | ৪০০০ টি | ৬০০০০ জন | ২১,৬০,০০,০০০.০০ (একুশকোটি ষাট লক্ষ) টাকা | ৩০০.০০ | ২১,৬০,০০,০০০.০০ |
| ২০০৯-২০১০ | ৬৪টি | ৪৮১টি | ৪৪৯৫ টি | ৮০০০০ জন | ৩৩,৬০,০০,০০০.০০ (তেত্রিশকোটি ষাট লক্ষ) টাকা | ৩৫০.০০ | ৩৩,৬০,০০,০০০.০০ |
| ২০১০-২০১১ | ৬৪টি | ৪৮৪টি | ৪৪৯৫টি | ৮৮০০০ জন | ৩৬,৯৬,০০০০০.০০ (ছত্রিশকোটি ছিয়ানববই লক্ষ) | ৩৫০.০০ | ৩৬,৯৬,০০,০০০.০০ |
| ২০১১-২০১২ | ৬৪টি | ৪৮৪টি | ৪৫০২টি | ১০১২০০ জন | ৪০,৫০,৪২,০০০.০০ (চলিশ কোটি পঞ্চাশ লক্ষ বিয়ালিশ হাজার) | ৩৫০.০০ | ৪০,৫০,৪২,০০০.০০ |
| ২০১২-২০১৩ | ৬৪টি | ৪৮৫টি | ৪৫৩৫ টি | ১০১২০০ জন | ৪০,৫০,৪২,০০০.০০ (চলিশ কোটি পঞ্চাশ লক্ষ বিয়ালিশ হাজার) | ৩৫০.০০ | ৪০,৫০,৪২,০০০.০০ |
| ২০১৩-২০১৪ | ৬৪টি | ৪৮৬টি | ৪৫৪৬ টি | ১১৬৩৮০ জন | ৫৩,১৭,০০,০০০.০০ | ৩৫০.০০ | ৪৮,৮৭,৯৬,০০০.০০ |
| ২০১৪-২০১৫ | ৬৪টি | ৪৮৮টি | ৪৫৪৭ টি | ২২০০০০ জন | ১৪২,৬২,৬০,০০০.০০ | ৫০০.০০ | ১৪০,২৯,৫৪,৩৪৩.৬৭ |
| ২০১৫-২০১৬ | ৬৪টি | ৪৮৮টি | ৪৫৪৬টি | ২৬৪০০০ জন | ১৫৮,৪০,০০,০০০.০০ | ৫০০.০০ | ১৫৮,৪০,০০,০০০.০০ |
| ২০১৬-২০১৭ | ৬৪টি | ৪৮৯টি | ৪৫৫৩টি | ৫০০০০০ জন | ৩১৭,০০,০০,০০০,.০০ | ৫০০.০০ | অবমুক্ত=১৫৮,৫১,৫০,০০০.০০ |

**ফলাফলঃ**

এ কার্যক্রমটি বাস্তাবায়িত হওয়ার ফলে শুরু থেকে ২০১৫-১৬ পর্যন্ত ১০,৭৫,৭৮০ জন মাকে ৫৩৬,৯৪,৩৪,৩৪৩.৬৭ টাকা ভাতা প্রদান করা হয়েছে। বর্তমান অর্থ বছরে ৫০০০০০ জনকে মাসিক ৫০০.০০ টাকা হারে ভাতা প্রদান করা হচেছ। SDG ঘোষিথ লক্ষ্য অনুযায়ী মা ও শিশু মৃত্যুহার হ্রাস, মাসব সম্পদ উন্নয়ন সহ মাতৃদুগ্ধ পানের হার বৃদ্ধি, পুষ্টি স্বাস্থ্য শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সহ বিভিন্ন বিষয়ের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ফলে তারা সচেতন হওয়ার মাধ্যমে ব্যক্তিগত, পারিবারিক ও সামাজিক ভাবে উপকৃত এবং দরিদ্রতা হ্রাসসহ মা ও শিশুর পুষ্টি উপাদান গ্রহণে সহায়ক হচ্ছে। জাতীসংঘ কর্তৃক MDG অর্জিত হয়েছে। যেখানে মা ও শিশু মৃত্যুহার হ্রাস সহ শিক্ষা ও স্বাস্থ্য খাতের উন্নতি পরিলক্ষিত হওয়ায় জাতীসংঘ ঘোষিত MDG অর্জনে সফলতা স্বীকৃতি স্বরূপ মাননীয় প্রধান মন্ত্রী পুরস্কৃত হয়েছে। যার অংশিদার মহিলা বিষয়ক অধিদপ্তরও বটে। কেননা মা ও শিশু স্বাস্থ্যের উন্নতি, মা ও শিশুর শিক্ষার হার বৃদ্ধি, মা ও শিশুর মৃত্যুর হার হ্রাস করার ইত্যাদি কার্যক্রম সর্বপ্রথম গ্রহন করেন মহিলা বিষয়ক অধিদপ্তর। বর্তমানে SDG কার্যক্রম বাস্তবায়ন চলমান।

**উল্লেখযোগ্য অগ্রগতি সমূহঃ**

১) সফটওয়্যার এর মাধ্যমে ভাতা বিতরন চলমান। প্রত্যেক ভাতাভোগীর নিজস্ব/নিজ নামের ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা পরিশোধকরা হয়।

২) ডিজিটাল পদ্ধতিতে ভাতা বিতরন কার্যক্রম পরিচালনার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এ টু আই কর্মসূচির অধীনে সফটওয়্যার, প্রশিক্ষণ ও মাঠ পর্যায়ে বাস্তবায়নের কার্যক্রম চলছে। টাঙ্গাইল জেলার সকল উপজেলায় পাইলট প্রকল্প হিসাবে সফল বাস্তবায়ন হয়েছে অতিসত্বর মাননীয় প্রধান মন্ত্রী উক্ত সফটওয়্যারটি উদ্বোধন করে সকলের জন্য উন্মুক্ত করবেন।

৩) ভাতাভোগীদের মাঝে বাধ্যতামূলক ব্যাংক একাউন্ট খুলতে সংশ্লিষ্ট সকলেই বদ্ধপরিকর। কেননা ব্যাংক একাউন্ট ছাড়া ভাতা বিতরন করা হয় না।

৪) ৪৫৫৩টি ইউনিয়নে জেলা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে ৫ দিনের প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত করা হয়েছে।

৫) মা ও শিশুর জন্ম ও মৃত্যু হার ক্রমে হ্রাস পাচ্ছে।

৬) নারী ও শিশু স্বাস্থ্য ও শিক্ষার হার ক্রমেই বৃদ্দি পাচ্ছে।

৭) উন্নয়নে নারীর অংশগ্রহণ ও নারী উন্নয়ন মূলক কার্মকান্ড নারীর ভূমিকা বৃদ্ধি পাচ্ছে।

''দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি'' এর ফটোগ্যালারীঃ

১) প্রশিক্ষন মাঠ পর্যায়ে, ২)সদর কার্যালয়ে বিভাগীয় অবহিত করন সভা, ৩) বিভাগীয় অবহিতহিত করন সভা, ৪) সদর কার্যালয়ে মাননীয় প্রতিমন্ত্রী, সচিব, মহাপরিচালক,অতিরিক্ত সচিব, পরিচালক ও যুগ্ম সচিব কতৃক অবহিত করন সভার উদ্বোধনী চিত্র :


















মেহের আফরোজ চুমকি এম পি




















































## [www.dwa.gov.bd.com](http://www.dwa.gov.bd.com) এই ওয়েবসাইটে  আবেদন ফরম পাওয়া যাবে।

বি: দ্র: ২০১৫-১৬ অর্থ বছরে মোট ভাতাভোগীর সংখ্যা=২৬৪০০০ জন
২০১৬-১৭অর্থ বছরে মোট ভাতাভোগীর সংখ্যা=৫০০০০০ জন
২০১৬-১৭অর্থ বছরে মোট ভাতাভোগীর সংখ্যা বৃদ্ধি=২৩৬০০০ জন
২০১৬-১৭অর্থ বছরে মেয়াদউত্তির্ন মোট ভাতাভোগীর সংখ্যা =১২৬৬২০ জন
২০১৫-১৬অর্থ বছরে মেয়াদ শেষ হয় নাই এমন মোট ভাতাভোগীর সংখ্যা =১৩৭৩৮০ জন
এমতাবস্থায় ২০১৬-১৭ অর্থ বছরে নির্বাচন যোগ্য মোট ভাতাভোগীর
সংখ্যা=১২৬৬২০+২৩৬০০০=৩৬২৬২০ জন।